



স্মারক নং- পিআর ৯৪/২২

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হুজিবির সংগঠক, বিস্ফোরক দ্রব্যাদি আইন ১৯০৮ এর ৪ ধারার মামলায় ১০ বছর ৬ মাস কারাদণ্ড প্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ১১/০৩/২০২২ খ্রিঃ সকাল ০৮.৩০ ঘটিকার সময় ডিএমপি'র উত্তরা পশ্চিম থানা এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হুজিবির সংগঠক, বিস্ফোরক দ্রব্যাদি আইন ১৯০৮ এর ৪ ধারার মামলায় ১০ বছর ৬ মাস কারাদণ্ড প্রাপ্ত পলাতক আসামীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামীর নাম- শরিফুজ্জামান@মিন্টু@ওবায়দুল্লাহ@মাহি@শরিফ (৩৫), পিতা- মোঃ সাহাদাৎ হোসেন, গ্রাম- মেহেরচন্ডী, থানা- বোয়ালিয়া, জেলা- রাজশাহী।

গত ৭ অক্টোবর ২০১৩ সালে তুরাগ থানাধীন আশুলিয়া বাইপাইল রোডে অভিযান চালিয়ে হুজিবির সংগঠক খলিলুর রহমান শাহরিয়ার (৩২), মোঃ আঃ কাদের মুয়াক্ফের (৫০), শরিফুজ্জামান@মিন্টু@ওবায়দুল্লাহ@মাহি@শরিফ (২৭) ও মোঃ মাকছুদুর রহমান (২৭) কে গ্রেফতার করা হয়। গ্রেফতারকালে তাদের নিকট থেকে বিপুল পরিমাণ অস্ত্র, গুলি ও বিস্ফোরক জব্দ করে যার মধ্যে ছিল একটি ম্যাগজিনসহ পিস্তল, পিস্তলের ৩২ রাউন্ড গুলি, ১১৩৫ টি এসএমজির গুলি, ২ টি ১৫০০ গ্রাম ওজনের উচ্চ বিস্ফোরক (Powder Gel Explosive), ১১০ ফিট কর্ডেব্ল, ৫ টি ডিটোনেটর, ১ টি ব্লাস্টিং মেশিন ও আটটি ককটেল। গ্রেফতারকৃত আসামীদের মধ্যে খলিলুর রহমান শাহরিয়ার নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হরকাতুল জিহাদ বাংলাদেশ (হুজিবি) এর পলাতক কেন্দ্রীয় নেতা ও হুজিবির পরিবর্তিত সংগঠন তামিরুত-আত-দ্বীন এর প্রধান সংগঠক ছিলেন। এটিইউ কর্তৃক গ্রেফতারকৃত আসামী শরিফুজ্জামান@মিন্টু@ওবায়দুল্লাহ@মাহি@শরিফ হুজিবির পরিবর্তিত সংগঠনে অর্থ সম্পাদক হিসেবে কাজ করতো। জব্দকৃত অস্ত্র ও গোলাবারুদ তারা দেশের বিভিন্ন স্থানে তাদের সংগঠকদের মধ্যে বিতরণ ও ধ্বংসাত্মক কার্যকলাপ পরিচালনার জন্য এনেছিলো। তুরাগ থানায় তাদের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্যাদি আইন ও অস্ত্র আইনে মামলা দায়ের করা হয়।

আসামীদের মধ্যে এটিইউ কর্তৃক গ্রেফতারকৃত শরিফুজ্জামান@মিন্টু@ওবায়দুল্লাহ@মাহি@শরিফ আদালত থেকে জামিনে বের হয়ে পলাতক হয়ে দীর্ঘদিন রাজধানীর উত্তরা পশ্চিম থানাধীন এলাকায় আত্মগোপনে ছিল। সে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে বিবিএ সম্পন্ন করে এবং ফ্রি-ল্যান্সিং করে জীবিকা নির্বাহ করে আসছিল। সে তার স্ত্রী ও দুই সন্তানসহ রাজধানীর উত্তরা পশ্চিম থানাধীন এলাকায় বসবাস করতো।

গ্রেফতারকৃত সাজাপ্রাপ্ত আসামী শরিফুজ্জামান@মিন্টু@ওবায়দুল্লাহ@মাহি@শরিফ'কে তুরাগ থানার মামলা নং-০৮, তারিখ- ০৮/১০/২০১৩ খ্রি. বিজ্ঞ আদালতে সোপর্দ করার কাজ প্রক্রিয়াধীন।


১১/০৩/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

Email- atu.spma@police.gov.bd